33

দৈনিক খবর

তারিখ ..0 4 MAY 1989 ... ...
পৃষ্ঠা... .. ... কলাম 3 ... ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা উন্নয়নে ১১৫৯ কোটি টাকা ব্যয় হচ্ছে

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ২৫ এপ্রিল আকস্মিকভাবে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর এবং সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্পের কম্পিউটার কেন্দ্র পরিদর্শন করেন। তথ্য বিবরণীতে বলা হয়, পরিদর্শনকালে মন্ত্রীকে জানানো হয় যে, মাধ্যমিক বিজ্ঞান শিক্ষা প্রকল্প, বিশ্ববিদ্যালয়-কলেজসমূহ উন্নয়ন প্রকল্প, ৯৯টি কলেজ উন্নয়ন প্রকল্প, ৭৭টি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়ন প্রকল্প, শিক্ষকদের বিজ্ঞান প্রশিক্ষণ এবং বৃত্তি প্রকল্প নামে ৬টি প্রকল্প বাস্তবায়নের জন্য চলতি বছর ৫৫ কোটি ১৮ লাখ টাকা ব্যয় করা হচ্ছে।

মন্ত্রীকে আরো জানানো হয়, এ বছর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার উন্নয়নে রাজস্ব বাজেটে ৮৪০ কোটি এবং উন্নয়ন বাজেটে ৩১৯ কোটিসহ মোট ১১৫৯ কোটি টাকা ব্যয় করা হচ্ছে।

মন্ত্রী বিভিন্ন সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যবলী সঠিকভাবে মনিটর ও সংরক্ষণ করার লক্ষ্যে কম্পিউটার পদ্ধতি চালু করার জন্য উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর প্রতি নির্দেশ প্রদান করেন। তিনি বলেন, এসব পদ্ধতি এমনভাবে চালু করতে হবে যাতে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকের স্বল্পতা পরিলক্ষিত হওয়ার সাথে সাথেই কর্তৃপক্ষ সহজেই তা পূরণ করার ব্যবস্থা করতে পারেন।

তিনি অধিদপ্তরে দর্শনার্থীদের ভীড় কমানোর জন্য দ্রুত ফাইল নিষ্পত্তি করার এবং দক্ষতা বৃদ্ধির মাধ্যমে বিভিন্ন সমস্যা দ্রুত সমাধান করার নির্দেশ দেন।

মন্ত্রী শিক্ষা প্রশাসন ব্যবস্থাকে আরো কার্যকর ও যুগোপযোগী করার উপর গুরুত্বারোপ করে বলেন, আমাদের আগামী প্রজন্মের বংশধরদের দক্ষ হিসেবে গড়ে তোলা ছাড়া দেশের উন্নয়নের গতিকে ত্বরান্বিত করার কোন বিকল্প নেই।

সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্পের কম্পিউটার কেন্দ্র পরিদর্শনকালে-এর ব্যবস্থাপনা দেখে তিনি অসন্তোষ প্রকাশ করেন এবং অতিসত্বর ব্যবস্থাপনা উন্নয়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি নির্দেশ দেন।